**প্রচার ডায়েরি ১৪-৪-২০১৪**

**অরুণ জেটলি , রাজ্যসভার বিরোধী দলনেতা**

দিন কে দিন আরও বেশি আগ্রাসী হয়ে উঠছে কংগ্রেস। কংগ্রেসের অন্দরে কি ঘটছে তা নিয়ে সমপ্রতি দুটো রিপোর্ট বার হয়েছে সর্বভারতীয় দুটি খবরের কাগজে। একটায় বলা হয়েছে মোদী কে হারাতে প্রিয়ঙ্কা গান্ধী পর্যন্ত মোদীর বিরুদ্ধে বারানসী থেকে প্রার্থী হতে রাজি হয়েছেন। অন্যটায় বলা হয়েছে কংগ্রেসের মুখ্যমন্ত্রীদের বলা হয়েছে সংশ্লিষ্ট রাজ্যগুলিতে তাঁরা যদি জেতাতে না পারেন তবে তাহলে তাদের পদ থেকে সরিয়ে দেওয়া হবে।

এই দুটো রিপোর্ট যদি সত্য হয় তাহলে এটাই স্পষ্ট হবে যে বাস্তবের থেকে ঠিক কতখানি দূরে দাঁড়িয়ে রয়েছে কংগ্রেস।গান্ধীদের অবস্থা খুবই খারাপ। ১৯৭৭ এর লোকসভা নির্বাচনের আগে ইন্দিরা গান্ধী ও সঞ্জয় গান্ধীর অবস্থা ঠিক যেরকম দাঁড়িয়েছিল তারই পুনরাবৃত্তি হচ্ছে এখন। চমক দেওয়া অর্থনীতি কাজে আসেনি। পারিবারিক ক্যারিশমাও বিলীয়মান। একটা পরিবারকে ঘিরে বাঁচা এই রাজনৈতিক দলের বর্তমান নেতৃত্ব মনে করছে এবার এি পরিবারের ক্যারিশমা কাজে আসেনি। একমাত্র কংগ্রেসের খোলনলচে বদলে এই সমস্যার সমাধান সমভব। কিন্তু কংগ্রেসের কাছে একটাই সমাধানসূত্র, এই পরিবারের একজনকে দিয়ে না হলে অন্য বিকল্পও এই পরিবার থেকেই বেছে নেওয়া।আমার আগের একটা লেখায় আমি ঠিক এটাই ভবিষ্যতবাণী করেছিলাম। আমি চাই বারানসী আসনের জন্য কংগ্রেস যা ভেবেছে তা প্রয়োগ করুক।

সমস্যাটা কংগ্রেসের মুখ্যমন্ত্রীদের নয়। যদি কংগ্রেস হারে তার দায় শুধু মুখ্যমন্ত্রীদের উপর বর্তায়না। এটা তাদের বাজে সরকার পরিচালনা ও রাহুল গান্ধীর ব্যক্তিত্ব যা আদতেই কোনও অনুপ্ররণা যোগায়না --সেই কারণেই হারবে। সমস্যাটা যখন পরিবারের ভিতর তখন কেন বাইরে বলির পাঁঠা খোঁজা হচ্ছে ?

আধুনিক নির্বাচনে ক্যাপ্টেন অমরিন্দর সিং

রাজনীতিকে নিচে নামানোর একটা অদ্ভুত ক্ষমতা রয়েছে ক্যাপ্টেন সাহেবের। বর্তমান আধুনিক নির্বাচন প্রক্রিয়ায় তিনি একেবারেই জলের বাইরের মাছ। অমৃতসরে আমার সমস্ত শুভানুধ্যায়ী , সমর্থক ও বন্ধুদের আমার পরামর্শ আমরা যেন এই নির্বাচনে লড়াই করি সভ্যতা ভদ্রতা ও ইস্যুকে ভিত্তি করে। নরেন্দ্র মোদী পরবর্তী প্রধানমন্ত্রী হবেন এরকম একটা সুপ্ত ইচ্ছা অমৃতসরবাসীর মধ্যে লক্ষ্য করছি। আমার প্রতি ও আমাদের তোলা বিভিন্ন ইস্যুর প্রতিও

মানুষের একটা ইতিবাচক মনোভাব টের পাচ্ছি। এই এজেন্ডা থেকে আমাদের সরে সা উচিৎ নয়।

ক্যাপ্টেন আমাকে বহিরাগত বলে উল্লেখ করছেন। কিন্তু আমার শিরায় ধমনীতে মাঝা রক্ত বইছে। এটা আমার পূর্বপুরুষদের জায়গা। এখানে আমার বসতের ভিত্তি রয়েছে.। কিন্তু ক্যাপ্টেনের ব্যাপারটা কি ? তাঁর দেখা পেতে পাটিয়ালা প্যালেসের বাইরে কি হত্যে দিয়ে পড়ে থাকবেন অমৃতসরের মানুষ ?